শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

আগুনের মানুষ

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Lazarus

অনুবাদক: Manab Biswas

অভিযোজন: E. Frischbutter

গল্প ৬০ এর ২৪

www.M1914.org

Bible for Children, *PO Box 3, Winnipeg, MB R3C 2G1 Canada*

স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

বাংলা

Bengali

ইস্রায়েলের জন্য যেন সমস্ত কিছু খারাপ চলছিল। রাজা ও রাণী ঈশ্বরকে ঘৃণা করছিল। এটা এক খারাপ উদাহরণ যে, লোকেরা ঈশ্বরকে ঘৃণা করতে লাগল ও নকল দেবতার উপাসনা করতে লাগল।



1

কেউ কি ঈশ্বরকে ভালোবেসেছিল? হ্যাঁ, সেখানে কিছু বিশ্বস্ত উপাসনাকারী ছিল। একদিন, ঈশ্বর তাদের মধ্যে একজনের সাথে কথা বললেন। তার নাম এলিয়।



2


এলিয় দুষ্ট রাজা আহবকে বললেন, “ইস্রায়েলের প্রভু ঈশ্বর জীবন্ত, যতক্ষণ না আমি বলি, এই বছরে কোনও শিশির অথবা বৃষ্টি হবে না”।
এর মানে দুর্ভিক্ষ।
ঈশ্বর তার ইস্রায়েল লোকদের দুষ্টুমি সহ্য করবেন না।
3

রাজাকে সতর্কতার পর, ঈশ্বর এলিয়কে দেশের এক শান্ত স্থানে পাঠালেন। একটি জলস্রোতের ধারে এলিয় অপেক্ষা করলেন। ঈশ্বর কাক পাঠিয়ে তাকে খাদ্য জুগিয়েছিলেন। তারা সকাল-সন্ধ্যে তার জন্য রুটি ও মাংস নিয়ে আসত। এবং এলিয় স্রোতের জল পান করত।
4


শীঘ্র স্রোতটা শুকিয়ে গেল, কারণ দেশেতে বৃষ্টি হচ্ছিল না। ঈশ্বরের বাক্য সত্য বলে মনে হচ্ছিল। দেশে সর্বত্র জলের অভাব দেখা দিল। শস্য উৎপাদন হল না, লোকরা ক্ষুধার্ত ছিল। বোধহয় এলিয় অবাক হয়ে গিয়েছিল যে, জল না থাকাতে তার কী হবে!
5

ঈশ্বর এলিয়কে বললেন, “ওঠ, সারিফতে যাও এবং সেইখানে থাক। দেখ, আমি একজন বিধবাকে আদেশ দিয়েছি, সে তোমার জন্য খাদ্য জোগাবে”।
6

ঈশ্বর তার সেবকের প্রয়োজন জানতেন, কিন্তু কি অদ্ভুত উপায়ে তিনি তা জুগিয়েছিলেন। নম্রতার সাথে এলিয় ঈশ্বরের বাধ্য ছিলেন। যখন তিনি সারিফতে এলেন, তখন সেই বিধবা শহরের দরজার
সামনেআগুন জ্বালানোর জন্য লাঠির টুকরো কুড়াচ্ছিল।
7

এলিয় মহিলাটিকে বলল, “দয়া করে পেয়ালায় করে একটু জল আমার কাছে আন। দয়া করে একটু রুটির টুকরো নিয়ে আন”।
বিধবা উত্তর দিল, “আমার কাছে রুটি নেই। এক মুঠো ময়দা ও পাত্রেতে একটু তেল রয়েছে”।
8


দুঃখিতভাবে, মহিলা ভাববাদীকে বলল যে, এটা শেষ হয়ে গেলে, সে আর তার পুত্র অনাহারে মারা যাবে।
9
এলিয় বললেন, “ভয় পেও না, প্রথমে এটা দিয়ে একটা ছোট্ট পিঠে তৈরি কর ও তারপর তোমার ও তোমার ছেলের জন্য বানিও। যতদিন না ঈশ্বর পৃথিবীতে বৃষ্টি পাঠান, ততদিন ময়দা ও তেল শেষ হবে না”। এটা করার জন্য ঈশ্বরকে এক অলৌকিক কাজ করতে হত। এবং তিনি তাই করলেন। মহিলাটি ও তার পুত্র অনেকদিন পর্যন্ত তা খেয়েছিল, তবুও তাদের ময়দা শেষ হয়ে যায়নি, কিংবা পাত্রের তেলও শেষ হয়ে যায়নি।
10
এলিয় তাদের সাথে থাকত, একদিন এক দুঃখজনক ঘটনা ঘটল। বিধবার পুত্রটি মারা গেল। এলিয় তার দেহটাকে উপরের কুঠরীতে নিয়ে গেলেন। তিনি ঈশ্বরের কাছে কেঁদে বললেন, “হে আমার প্রভু ঈশ্বর, আমি প্রার্থনা করি যে, এই বালকের আত্মা তার কাছে ফিরে আসুক”। কি অসম্ভব এক প্রার্থনা!
11
ঈশ্বর এলিয়র কন্ঠস্বর শুনলেন, আর বালকের আত্মা তার কাছে ফিরে এল এবং সে পুনর্জীবিত হল। এলিয় তখন বালকটি নিয়ে তার মায়ের কাছে দিলেন। মহিলাটি বলল, “এমন ঘটনায় বুঝতে পারলাম যে, ঈশ্বরের বাক্য তোমার মুখে সত্য হল”।
12
তিন বছর পরে ঈশ্বর এলিয়কে রাজার কাছে পাঠিয়ে বললেন, “আমি পৃথিবীতে বৃষ্টি বর্ষাব”।
13
আহবের কাছে যাও? তার স্ত্রী ঈষেবল ইতিমধ্যে ঈশ্বরের একশো ভাববাদীকে হত্যা করেছিল, কিন্তু এলিয় তর্ক করল না। তিনি রাজা আহবের কাছে গিয়েছিলেন।
14

দু’জন লোক যখন দেখা করলেন, এলিয় আহবকে আহ্বান করলেন যে, সমস্ত ইস্রায়েলকে ও তাদের আটশো পঞ্চাশজন মিথ্যা ভাববাদীকে কর্মিল পর্বতে একত্র করতে। এলিয় লোকদের বললেন, “যদি প্রভু ঈশ্বর হন, তাহলে তাঁকে অনুসরণ কর”।

15

এলিয়ের দুটো ষাঁড় ছিল, যেগুলিকে উৎসর্গ করার জন্য প্রস্তুত করা হয়েছিল। কিন্তু তাদের জ্বালানোর জন্য কোনও আগুন ধরানো হবে না। এলিয় বলল, “তোমরা তোমাদের দেবতাদের ডাকবে, আর আমি আমার ঈশ্বরকে ডাকব। যে ঈশ্বর আগুন দিয়ে উত্তর দেবে, তিনিই প্রকৃত ঈশ্বর”। লোকেরা উত্তর দিল, “এটা ভালো কথা”।



16

সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ভণ্ড ভাববাদীরা তাদের মিথ্যা দেবতাদের ডাকল, তারা লাফাল, নাচ করল এবং যতক্ষণ না রক্ত পড়ল, তারা তাদের শরীরকে ছুরি দিয়ে কাটল, কিন্তু কোনও আগুন পড়ল না।



17

তারপর এলিয় জল দিয়ে কাঠ ও বলিদানের ষাঁড়কে ভেজালেন এবং প্রার্থনা করলেন, “হে প্রভু আমার প্রার্থনা শোন, যেন এই লোকেরা জানতে পারে যে, তুমি ঈশ্বর প্রভু”। তারপর ঈশ্বরের আগুন পড়ল, সেটা ষাঁড় ও কাঠকে জ্বালিয়ে দিল। তারপর সেটা পাথরের বেদিকে জ্বালিয়ে দিল।

18

লোকেরা যখন এটা দেখল, তারা কাঁদতে লাগল। এলিয় বলল, “প্রভু, তিনিই ঈশ্বর, বাল দেবতার ভাববাদীদের ধর। তাদের একজনকে যেতে দিও না”।

19

এলিয় যা করলেন, তা রাজা আহবের অনেকদিন আগে করা উচিত ছিল। তিনি ভণ্ড ভাববাদীদের হত্যা করলেন।

20

ঈশ্বরের সেবকরা আহব রাজাকে বললেন যে, কিছুক্ষণের মধ্যে বৃষ্টি এসে যাবে। শীঘ্র একটি ছোট্ট মেঘ দেখা দিল। তিন বছরের বেশিদিন ধরে খরা থাকার পর কি বৃষ্টি হবে?

21

কিছুক্ষণ পরে, সমস্ত আকাশ কালো মেঘ আর বাতাসে ছেয়ে গেল এবং তারপর মুষলধারে বৃষ্টি। ঈশ্বর বৃষ্টি বর্ষালেন। ঈশ্বর তাদের দেখাচ্ছিলেন যে, এলিয় তাদের যা বলছিলেন, তা সত্য। ঈশ্বর দেখিয়েছিলেন যে, তিনি একমাত্র সত্য ঈশ্বর।

22



তোমার কি মনে হয়, রাজা আহব ঈশ্বর ও এলিয়কে সম্মান করেছিল? না! এমনকি ঈষেবল এলিয়কে হত্যা করতে চেয়েছিল, কিন্তু তিনি পালিয়ে গেলেন। একদম শেষে আহব যুদ্ধক্ষেত্র মারা গেল ও রাজপ্রাসাদের দেওয়াল দিয়ে এক চাকরর ঈষেবলকে ঠেলে ফেলে দিয়েছিল। নিচে পাথরের উপর পড়ে সে চূর্ণ-বিচূর্ণ হয়ে গিয়েছিল।

23

এলিয়ের কী হয়েছিল? একদিন ঈশ্বর আগুনের রথ পাঠালেন এবং ঈশ্বরের মানুষ এলিয়কে ঘূর্ণি ঝড়ের সাহায্যে স্বর্গে নিয়ে গেলেন।

24

আগুনের মানুষ

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

১রাজাবলি ১৭-১৯; ২রাজাবলি ২

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু।

ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। এখন ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করতে পারেন।

আপনি যদি আপনার পাপ থেকে মন ফিরাতে চান তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:
প্রিয় প্রভু, আমি বিশ্বাস করি যীশু আমার জন্য মরেছেন এবং আবার জীবিত হয়েছেন। দয়াকরে আমার জীবনে এসো, যেন আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে বেচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!